

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১৪, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রজ্ঞাপন

ঢাকা, ৩১ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ/১৪ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৬.১৮০—গত ৮ জুন ২০১৭ তারিখে অনুষ্ঠিত যুক্তরাজ্যের মধ্যবর্তী নির্বাচনে লন্ডনের হ্যাম্পস্টেড অ্যান্ড কিলবার্ন থেকে মির্জা টিউলিপ রেজওয়ানা সিদ্দিক, বেখনাল গ্রিন অ্যান্ড বো থেকে মির্জা রুশনারা আলী এবং ইলিং সেন্ট্রাল অ্যান্ড অ্যাকটন থেকে মির্জা রূপা হক বিপুল ভোটে বিজয়ী হয়ে স্ব স্ব আসনে নিজেদের অবস্থানকে পূর্বাপেক্ষা আরও সুসংহত করলেন।

২। যুক্তরাজ্যের হাউজ অব কমন্সে বাংলাদেশি বংশোদ্ভূত মির্জা টিউলিপ রেজওয়ানা সিদ্দিক, মির্জা রুশনারা আলী ও মির্জা রূপা হকের জনপ্রতিনিধিত্ব এবং ঐ দেশের শাসনকাঠামোতে তাঁদের সক্রিয় অংশগ্রহণ ও কার্যকর কর্মতৎপরতা বাঙালি জাতির জন্য নিঃসন্দেহে গৌরবের বিষয়। এ বিজয় আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের সম্মানজনক অবস্থানকে আরও উন্নত ও সুসংহত করেছে। এই অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুজ্ঞা শেখ রেহানার কন্যা মির্জা টিউলিপ রেজওয়ানা সিদ্দিক-সহ মির্জা রুশনারা আলী ও মির্জা রূপা হককে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ২৯ জ্যৈষ্ঠ ১৪২৪/১২ জুন ২০১৭ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

এন. এম. জিয়াউল আলম
সচিব (সমন্বয় ও সংস্কার)

(৬৫৫৭)

মূল্য ৪ টাকা ৪.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

২৯ জ্যৈষ্ঠ ১৪২৪

ঢাকা: -----

১২ জুন ২০১৭

গত ৮ জুন ২০১৭ তারিখে অনুষ্ঠিত যুক্তরাজ্যের মধ্যবর্তী নির্বাচনে লন্ডনের হ্যাম্পস্টেড অ্যান্ড কিলবার্ন নির্বাচনী এলাকায় লেবার পার্টি মনোনীত বাংলাদেশি বংশোদ্ভূত প্রার্থী মির্জা টিউলিপ রেজওয়ানা সিদ্দিক দ্বিতীয়বারের মতো প্রায় ১৬ হাজার ভোটার ব্যবধানে বিজয়ী হয়েছেন। গত নির্বাচনে জয়ের ব্যবধান ছিল এক হাজার ১৩৮ যা এই নির্বাচনে বেড়ে ১৫ হাজার ৫৬০-এ দাঁড়িয়েছে। রাজনৈতিক পরিপ্রেক্ষিত বিবেচনায় এবার ক্ষমতাসীন কনজারভেটিভ পার্টি লেবার পার্টির আসনগুলোতে বিজয় অর্জনের ক্ষেত্রে অত্যন্ত সক্রিয় তৎপরতা চালিয়েছিল। কিন্তু শেষ পর্যন্ত হ্যাম্পস্টেড অ্যান্ড কিলবার্ন থেকে মির্জা টিউলিপ রেজওয়ানা সিদ্দিক, বেথনাল গ্রিন অ্যান্ড বো থেকে মির্জা রুশনারা আলী এবং ইলিং সেন্ট্রাল অ্যান্ড অ্যাকটন থেকে মির্জা রুপা হক বিপুল ভোটে বিজয়ী হয়ে স্ব স্ব আসনে নিজেদের অবস্থানকে পূর্বাপেক্ষা আরও সুসংহত করলেন।

মির্জা টিউলিপ রেজওয়ানা সিদ্দিক লন্ডনের মিচ্যামে ১৯৮২ সালে জন্মগ্রহণ করেন। তিনি লন্ডনের কিংস কলেজ এবং ইউনিভার্সিটি অব লন্ডন থেকে ইংরেজি সাহিত্যে এবং রাজনীতি, নীতি ও সরকার বিষয়ে দুইটি মাস্টার্স ডিগ্রি অর্জন করেন। ২০১৫ সালে নির্বাচিত হওয়ার পর টিউলিপ লেবার পার্টি নেতা জেরেমি করবিনের ছায়া মন্ত্রিসভায় নিযুক্ত হন। তিনি চলতি বছরের শুরুতে পার্লামেন্টে ব্রেকিংট বিলের বিরুদ্ধে দৃঢ় অবস্থান গ্রহণ করেছিলেন। এ কারণে তিনি লেবার পার্টির ছায়া মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেন।

মির্জা টিউলিপ রেজওয়ানা সিদ্দিক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের দৌহিত্রী এবং বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুজা শেখ রেহানার কন্যা। বঙ্গবন্ধুর রাজনৈতিক আদর্শের উত্তরাধিকারী হিসাবে তাঁর দৌহিত্রীর রাজনীতিতে অংশগ্রহণ এবং বিদেশে রাজনৈতিক অবস্থান সুসংহত করে নির্বাচনে দ্বিতীয়বারের মত বিজয় অর্জন বংশপরম্পরার প্রেক্ষাপটে সমগ্র বিশ্বে একটি বিরল ঘটনা। এই বিজয়ের মধ্য দিয়ে মির্জা টিউলিপ রেজওয়ানা সিদ্দিকের রাজনৈতিক পারদর্শিতা, আত্মপ্রতিষ্ঠার সক্ষমতা, সিদ্ধান্ত গ্রহণে বিচক্ষণতা, রাজনৈতিক মহলে গ্রহণযোগ্যতা এবং সাধারণ্যে জনপ্রিয়তা প্রতিভাত হয়।

যুক্তরাজ্যের হাউজ অব কমন্সে বাংলাদেশি বংশোদ্ভূত মির্জা টিউলিপ রেজওয়ানা সিদ্দিক, মির্জা রুশনারা আলী ও মির্জা রুপা হকের জনপ্রতিনিধিত্ব এবং ঐ দেশের শাসনকাঠামোতে তাঁদের সক্রিয় অংশগ্রহণ ও কার্যকর কর্মতৎপরতা বাঙালি জাতির জন্য নিঃসন্দেহে গৌরবের বিষয়। এ বিজয় আন্তর্জাতিক ক্ষেত্রে বাংলাদেশের সম্মানজনক অবস্থানকে আরও উন্নত ও সুসংহত করেছে। এই অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুজা শেখ রেহানার কন্যা মির্জা টিউলিপ রেজওয়ানা সিদ্দিক-সহ মির্জা রুশনারা আলী ও মির্জা রুপা হককে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd